গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৬০/২০১৯-২০২০

**ঢাকা, ২২ সেপ্টেম্বর রোববার ২০১৯, ৭ আশ্বিন ১৪২৬**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রোহিঙ্গা প্রত্যাবাসনে সর্বাধিক গুরুত্ব দিচ্ছে বাংলাদেশ
জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে বিশ্ব নেতাদের জোরালো সমর্থন চাইবেন প্রধানমন্ত্রী
২। মিয়ানমারের বিরুদ্ধে শক্ত অবস্থান নিতে হবে যুক্তরাষ্ট্রকে : নিউইয়র্কে পররাষ্ট্রমন্ত্রী
৩। মিয়ানমারের ওপর অস্ত্র নিষেধাজ্ঞা আরোপের আহ্বান : ইউরোপীয় পার্লামেন্টে প্রস্তাব পাস
৪। রোহিঙ্গাদের না নিতে মিয়ানমারকে উসকে দিচ্ছে বিএনপি : কক্সবাজারে সেতুমন্ত্রী
৫। দুর্নীতিবাজ যেই হোক ছাড় নয় : স্বরাষ্ট্রমন্ত্রী
৬। যেখানে অনিয়ম-দুর্নীতি পাওয়া যাবে, সেখানেই অভিযান চালানো হবে : চট্টগ্রামে তথ্যমন্ত্রী
৭। দেশের উন্নয়নে এনজিও সরকারের সহায়ক শক্তি : চট্টগ্রামে পরিকল্পনামন্ত্রী
৮। সাপাহার অর্থনৈতিক অঞ্চলে লক্ষাধিক বেকারের কর্মসংস্থান হবে : নওগাঁয় খাদ্যমন্ত্রী
৯। বঙ্গবন্ধুর প্রত্যাশা বিবেচনায় নিয়ে কাজ করতে হবে : চিকিৎসকদের অনুষ্ঠানে গণপূর্তমন্ত্রী
১০। চিলাহাটি-হলদিবাড়ি পর্যন্ত রেললাইন স্থাপন কাজ উদ্বোধন
বাংলাদেশ থেকে সরাসরি ট্রেন যাবে দার্জিলিং : রেলমন্ত্রী
১১। ঢাকার চারপাশের নদীগুলো দখলমুক্ত করতে সরকার সচেষ্ট : বিশ্ব নদী দিবসের অনুষ্ঠানে নৌ প্রতিমন্ত্রী
১২। নদী ভাঙ্গনরোধে সরকার বিশাল ভূমিকা পালন করছে : সিরাজগঞ্জে পানিসম্পদ প্রতিমন্ত্রী
১৩। বিশ্ব ব্যক্তিগত গাড়িমুক্ত বিদস আজ

চলমান পাতা-২

১। **রোহিঙ্গা প্রত্যাবাসনে সর্বাধিক গুরুত্ব দিচ্ছে বাংলাদেশ**

**জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে বিশ্ব নেতাদের জোরালো সমর্থন চাইবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৪তম অধিবেশনে এবার রোহিঙ্গা প্রত্যাবাসনে সর্বাধিক গুরুত্ব দিচ্ছে বাংলাদেশ। এ ইস্যুতে বিশ্বনেতাদের জোরালো সমর্থন চাইবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এছাড়া এসডিজি বাস্তবায়ন, দারিদ্র্য বিমোচন ও জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবিলায় জাতিসংঘের সহায়তা চাওয়া হবে। বাংলাদেশের পক্ষ থেকে সবচেয়ে বেশি গুরুত্ব দেয়া হচ্ছে রোহিঙ্গা ইস্যুতে। রোহিঙ্গারা মিয়ানমারের নাগরিক, তাদের মিয়ানমারকে ফিরিয়ে নিতেই হবে। এ ইস্যুতে চীন ও মিয়ানমারের সঙ্গে ত্রিপক্ষীয় বৈঠক, ভারতের সঙ্গে দ্বিপাক্ষিক ও মুসলিম দেশগুলোর সংগঠন ওআইসির নেতাদের সঙ্গে বৈঠক করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), ।

২। **মিয়ানমারের বিরুদ্ধে শক্ত অবস্থান নিতে হবে যুক্তরাষ্ট্রকে : নিউইয়র্কে পররাষ্ট্রমন্ত্রী**

রোহিঙ্গা ইস্যুতে মিয়ানমারের বিরুদ্ধে শক্তি প্রয়োগের জন্য যুক্তরাষ্ট্রকে উদ্বুদ্ধ করতে প্রবাসী বাংলাদেশিদের প্রতি আহ্বান জানিয়েছেন পররাষ্ট্রন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। তিনি বলেছেন, রোহিঙ্গা ইস্যুতে অনেকেই বাংলাদেশকে সমর্থন দিচ্ছে। তবে যে ধরনের পদক্ষেপ নিলে সমস্যার দ্রুত সমাধান হয়, সেটি হচ্ছে না। তাই প্রবাসী বাংলাদেশিদের যুক্তরাষ্ট্রের সিনেটর, কংগ্রেসম্যান ও দেশটির সরকারকে বলতে হবে তাঁরা যেন শক্ত হাতে এর একটা বিহিত করেন। জাতিসংঘের অধিবেশনে যোগ দিতে গত ২০ সেপ্টেম্বর শুক্রবার অপরাহ্নে নিউইয়র্কের জেএফকে বিমানবন্দরে অবতরণ করার পর উপস্থিত সাংবাদিকদের পররাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৬), **সংবাদ** (শেষ পৃ,ক.৫)।

৩। **মিয়ানমারের ওপর অস্ত্র নিষেধাজ্ঞা আরোপের আহ্বান : ইউরোপীয় পার্লামেন্টে প্রস্তাব পাস**

রোহিঙ্গা ইস্যুতে মিয়ানমারের ওপর বিশ্বব্যাপী অস্ত্র নিষেধাজ্ঞা আরোপের জন্য জাতিসংঘ নিরাপত্তা পরিষদের প্রতি আহ্বান জানিয়েছে ইউরোপীয় পার্লামেন্ট। এছাড়া রোহিঙ্গাদের মানবাধিকার লঙ্ঘনে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে সুনির্দিষ্ট নিষেধাজ্ঞা আরোপেরও আহ্বান জানানো হয়েছে। গত ১৯ সেপ্টেম্বর বৃহস্পতিবার ইউরোপীয় পার্লামেন্টে গৃহীত মিয়ানমারে রোহিঙ্গা পরিস্থিতি বিষয়ক প্রস্তাবে এ আহ্বান জানানো হয়। প্রস্তাবটির পক্ষে ভোট দেন ৫৪৬ আইনপ্রণেতা। সূত্র-**সমকাল** (পৃ.১৮,ক.৫), **যুগান্তর** (পৃ.১৭,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭)।

৪। **রোহিঙ্গাদের না নিতে মিয়ানমারকে উসকে দিচ্ছে বিএনপি : কক্সবাজারে সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মিয়ানমারকে বিভিন্ন অজুহাত দিয়ে উসকে দিচ্ছে বিএনপি যাতে রোহিঙ্গাদের সেদেশে ফেরত না নেয়। তিনি বলেন, আমরা ১১ লাখ রোহিঙ্গার বোঝা আর নিতে পারছি না। দেশের বিরোধীরা নির্বাচনে ও আন্দোলনে ব্যর্থ হয়ে এখন ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। বিদেশে বসে বাংলাদেশের বিরুদ্ধে ষড়যন্ত্র করছে তারা। কিছু কিছু এনজিও রোহিঙ্গাদের উসকে দিচ্ছে। প্রয়োজনে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (২১ সেপ্টেম্বর শনিবার) কক্সবাজার জেলা আওয়ামী লীগ আয়োজিত প্রতিনিধিসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ প,ক.৬), **নিউ নেশন** (পৃ.১,ক.৬)।

৫। **দুর্নীতিবাজ যেই হোক ছাড় নয় : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, দুর্নীতিবাজ যেই হোক, সে জনপ্রতিনিধি হোক আর প্রশাসনের লোক হোক, কাউকে ছাড় দেওয়া হবে না। অন্যায়, অপরাধ, দুর্নীতির অভিযোগ পেলে প্রমাণের ভিত্তিতে তাকে বিচারের মুখোমুখি করা হবে। দুর্নীতিবাজদের হুঁশিয়ার করে তিনি বলেছেন, অভিযান চলছে, চলবে। অপরাধী যে দলেরই হোক কাউকে ছাড় দেওয়া হবে না। অপরাধীদের শনাক্তকরণে গোয়েন্দা সংস্থা কাজ করছে। তালিকা পেলে সেটা যে ধরনেরই প্রতিষ্ঠান হোক, তাদের দমন করা হবে। গতকাল (২১ সেপ্টেম্বর শনিবার) রাজধানীর নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে নবীনবরণ অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১৮,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ প,ক.৬), **নিউ নেশন** (পৃ.১,ক.৬)।

৬। **যেখানে অনিয়ম-দুর্নীতি পাওয়া যাবে, সেখানেই অভিযান চালানো হবে : চট্টগ্রামে তথ্যমন্ত্রী**

ক্যাসিনোর বিরুদ্ধে র‍্যাব যে অভিযান চালাচ্ছে সেটাকে অনিয়ম-দুর্নীতির বিরুদ্ধে সরকারের কঠোর পদক্ষেপের অংশ হিসেবে উল্লেখ করেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ। এজন্য বিএনপির কাছ থেকে অভিনন্দনও প্রত্যাশা করেছিলেন বলে তিনি মন্তব্য করেন। তথ্যমন্ত্রী বলেন, যেখানেই অনিয়ম-দুর্নীতি পাওয়া যাবে, সেখানেই অভিযান চালানো হবে। গতকাল (২১ সেপ্টেম্বর শনিবার) চট্টগ্রাম প্রেসক্লাবের বঙ্গবন্ধু হলে সিনিয়র সিটিজেন সোসাইটির সম্মাননা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), বণিক বার্তা (পৃ.২,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

৭। **দেশের উন্নয়নে এনজিও সরকারের সহায়ক শক্তি : চট্টগ্রামে পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, এনজিও হচ্ছে দেশের উন্নয়নে সরকারের সহায়ক শক্তি। সরকার এনজিওবান্ধব। তবে মনে রাখতে হবে, সরকারের সব কার্যক্রম দেশ ও জনগণের স্বার্থের জন্যই। কাজেই কোনো নিয়মকে বেড়াজাল ভাবলে চলবে না। গতকাল (২১ সেপ্টেম্বর শনিবার) চট্টগ্রাম অফিসার্স ক্লাবে ক্রেডিট ডেভেলপমেন্ট ফোরাম (সিডিএফ) আয়োজিত আর্থিক অন্তর্ভুক্তি তথা টেকসই উন্নয়ন অভিষ্ট (এসডিজি) অর্জনে ক্ষুদ্র অর্থায়ন সংস্থাসমূহের ভূমিকা শীর্ষক আঞ্চলিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে পরিকল্পনামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

৮। **সাপাহার অর্থনৈতিক অঞ্চলে লক্ষাধিক বেকারের কর্মসংস্থান হবে : নওগাঁয় খাদ্যমন্ত্রী**

সাপাহার অর্থনৈতিক অঞ্চলে লক্ষাধিক বেকারের কর্মসংস্থান হবে বলে জানিয়েছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। গতকাল (২১ সেপ্টেম্বর শনিবার) নওগাঁর জেলা প্রশাসনের আয়োজনে সাপাহার জিরো পয়েন্টে অনুষ্ঠিত এক আলোচনাসভায় তিনি এ কথা জানান। খাদ্যমন্ত্রী বলেন, এ এলাকায় অর্থনৈতিক অঞ্চল হলে কলকারখানা গড়ে উঠবে। সে সঙ্গে লক্ষাধিক বেকারের কর্মসংস্থান হবে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১৫,ক.৫)।

৯। **বঙ্গবন্ধুর প্রত্যাশা বিবেচনায় নিয়ে কাজ করতে হবে : চিকিৎসকদের অনুষ্ঠানে গণপূর্তমন্ত্রী**

বঙ্গবন্ধুর প্রত্যাশাকে বিবেচনায় নিয়ে কাজ করতে সবার প্রতি আহ্বান জানিয়েছেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী অ্যাডভোকেট শ. ম. রেজাউল করিম। তিনি বলেছেন, বঙ্গবন্ধুর জীবনের আরাধ্য সাধনা ছিল পরাধীনতার শৃঙ্খল থেকে বাঙালি জাতিকে মুক্ত করে একটি শোষণহীন, বৈষম্যহীন অসাম্প্রদায়িক বাংলাদেশ প্রতিষ্ঠা করা। সে জায়গায় আমাদের কাজ করতে হবে। গতকাল (২১ সেপ্টেম্বর শনিবার) রাজধানীর ঢাকা ক্লাবের স্যামসন এইচ চৌধুরী হলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সামনে রেখে পদ্মা-গঙ্গা-গোমতী লিভার সম্মেলন-২০১৯ উপলক্ষে অভ্যর্থনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬)।

১০। **চিলাহাটি-হলদিবাড়ি পর্যন্ত রেললাইন স্থাপন কাজ উদ্বোধন**
**বাংলাদেশ থেকে সরাসরি ট্রেন যাবে দার্জিলিং : রেলমন্ত্রী**

৫৪ বছর পর আবার ২০২০ সালের জুলাই মাসে বাংলাদেশের চিলাহাটি ও ভারতের হলদিবাড়ি হয়ে দার্জিলিং যাবে ট্রেন। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ভিডিও কনফারেন্সের মাধ্যমে এর উদ্বোধন করবেন। গতকাল (২১ সেপ্টেম্বর শনিবার) উত্তরাঞ্চলের নীলফামারী জেলার উত্তর সীমান্তের চিলাহাটি রেলস্টেশনে ৮০ কোটি ১৬ লাখ ৯৪ হাজার টাকা ব্যয়ে 'ভারতের সঙ্গে রেল সংযোগ স্থাপনের লক্ষ্যে চিলাহাটি এবং চিলাহাটি বর্ডারের মধ্যে ব্রডগেজ রেলপথ নির্মাণ প্রকল্পে'র উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন রেলপথমন্ত্রী নূরুল ইসলাম সুজন। ভারতের হাইকমিশনার রিভা গাঙ্গুলি দাস অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.৫)।

১১। **ঢাকার চারপাশের নদীগুলো দখলমুক্ত করতে সরকার সচেষ্ট : বিশ্ব নদী দিবসের অনুষ্ঠানে নৌ প্রতিমন্ত্রী**

নদী রক্ষার পদক্ষেপকে সরকার চ্যালেঞ্জ হিসেবে নিয়েছে জানিয়ে নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন, দেশের নদনদী রক্ষায় সরকার আন্তরিক। তিনি আশঙ্কা করে বলেন, সরকারের এ চ্যালেঞ্জে রাজনীতি ঢুকে যেতে পারে। সবাইকে সচেতন থাকতে হবে যেন এ উদ্যোগ মুখ থুবড়ে না পড়ে। গতকাল (২১ সেপ্টেম্বর শনিবার) ঢাকায় জাতীয় যাদুঘরের সামনে 'বিশ্ব নদী দিবস ২০১৯' উপলক্ষে অনুষ্ঠিত নদীর জন্য পদযাত্রা কর্মসূচিতে অংশ নিয়ে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। প্রধান অতিথির বক্তব্যে নৌ প্রতিমন্ত্রী বলেন, সরকার নিজেই নদী আন্দোলনের সঙ্গে জড়িত। এ আন্দোলন সফল হবেই। ঢাকার চারপাশের নদীগুলো দখলমুক্ত করতে সরকার সচেষ্ট। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.২)।

১২। **নদী ভাঙ্গনরোধে সরকার বিশাল ভূমিকা পালন করছে : সিরাজগঞ্জে পানিসম্পদ প্রতিমন্ত্রী**

নদী ভাঙ্গনরোধে সরকার কাজ করে যাচ্ছে। এতে নদী ভাঙন অনেকটাই কমে আসবে। জনগণের দুঃখ , দুর্দশাও কমে আসবে। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা নদী ভাঙ্গন এলাকার লোকজনদের রক্ষায় বিভিন্ন প্রকল্প নিতে আমাদের নির্দেশনা দিয়েছেন। আমরা সে মোতাবেক কাজ করে যাচ্ছি। গতকাল (২১ সেপ্টেম্বর শনিবার) পানিসম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক সিরাজগঞ্জের নদী ভাঙন কবলিত এলাকা, জেলাশহরের হার্ট পয়েন্ট, ক্রসবাধ-৪ ও যমুনার ভাঙনে ক্ষতিগ্রস্ত চৌহালী উপজেলা পরিদর্শনকালে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৫,ক.৬)।

১৩। **বিশ্ব ব্যক্তিগত গাড়িমুক্ত বিদস আজ**

বিশ্ব ব্যক্তিগত গাড়িমুক্ত দিবস আজ। দিবসটির এবারের প্রতিপাদ্য 'সেফ ওয়াকিং এবং সাইকেলিং'। দিবসটি পালন উপলক্ষে ঢাকা পরিবহণ সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) ও সংশ্লিষ্ট দফতরগুলো বিভিন্ন কর্মসূচি নিয়েছে। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** দেশে মাথাপিছু মাত্র ছয়টি বৃক্ষ থাকার প্রেক্ষিতে **১৫** কোটি মানুষ যদি প্রতিবছর একাধিক বৃক্ষ রোপন করে তা টিকিয়ে রাখার ব্যবস্থা গ্রহণ করলে বাংলাদেশে সবুজের মাত্রা বৃদ্ধি পাবে বলে অভিমত প্রকাশ।

**খ.** **সংবাদ, সমকাল, নিউ নেশন, ডেইলি সান :** চট্টগ্রাম নির্বাচন কমিশনের সহায়তায় রোহিঙ্গাদের জাতীয় পরিচয়পত্র পাওয়ার ঘটনাকে জাতীয় সংকট হিসেবে আখ্যায়িত করে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির পাশাপাশি এ ব্যাপারে নির্বাচন কমিশনের কঠোর হস্তক্ষেপের প্রত্যাশা।

**গ.** **জনকণ্ঠ :** সবার জন্য খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে অত্যাধুনিক খাদ্যগুদাম নিমার্ণের পাশাপাশি মানসম্মত খাদ্য সংরক্ষণ, বিপণন ও ব্যবস্থাপনা গড়ে তোলার সুপারিশ।

**ঘ.** **যুগান্তর :** মালয়েশিয়া ও অন্যান্য দেশের বন্ধকি সম্পত্তি বিক্রির মাধ্যমে খেলাপি ঋণ আদায় পদ্ধতি পর্যালোচনা করে বাংলাদেশেও এ সংক্রান্ত যুগোপযোগী ও আন্তর্জাতিক মানসম্মত আইন করার আহ্বান।

**ঙ.** **সমকাল :** রেলের অব্যহৃত জতিতে আয় বাড়ানোর লক্ষ্যে বাণিজ্যিক প্রকল্প গ্রহণের উদ্ভাবনী উদ্যোগকে স্বাগত জানিয়ে রেলখাত চাঙ্গা করতে তা দরকার বলে অভিমত।

**চ.** **ইন্ডিপেনডেন্ট, নিউ এজ, নিউ নেশন, যায়যায়দিন, ইনকিলাব :** প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে দুনীতির বিরুদ্ধে র‍্যাবের অভিযান অব্যাহত রাখার মাধ্যমে উন্নয়ন ও নির্মাণ কাজ দুর্নীতিমুক্ত করার প্রত্যাশা ব্যক্ত।

ছ. **ডেইলি সান, যায়যায়দিন** : ইউনিসেফ ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার সর্বশেষ প্রতিবেদনে প্রকাশিত শিশু ও মাতৃমৃত্যুহার হ্রাসে বাংলাদেশের ব্যাপক সাফল্য তুলে ধরে সবার সম্মিলিত প্রচেষ্টায় শিশু ও মাতৃমৃত্যুহার আরো রোধকরা সম্ভব বলে অভিমত।

**জ.** **অবজারভার :** আশ্রয়ণ প্রকল্পের লোকদের মাঝে আয়-রোজগারমূলক কর্মকাণ্ড বাড়ানোর লক্ষ্যে আর্থিক বরাদ্দ বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, অভিন্ন নদীর সমস্যা সমাধানে আন্তর্জাতিক নীতি অনুসারে ন্যূনতম পানি প্রাপ্তি নিশ্চিত করা না গেলে দেশের অস্তিত্ব রক্ষা করা কঠিন হয়ে পড়বে।

## নিবন্ধ ও ফিচার

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'মাদকের ছোবলে আক্রান্ত যুব সমাজ'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, মাদকের প্রসার বেড়ে যাওয়ায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন কঠোরভাবে প্রয়োগে প্রশাসনের হস্তক্ষেপ প্রয়োজন।

#

ডালিয়া/মরজিনা/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা